



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-০২৫


তারিখঃ ১০/০৯/১৮খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব মোঃ ফরিদুল হক, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, কোটচাঁদপুর, ঝিনাইদাহ উপজেলায় কর্মরত আছেন। উপজেলায় প্রকল্পের আওতাধীন ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ কার্যক্রমের চিত্র নিম্নরূপঃ

ক্র. নং	উদ্যোক্তা ঋণ গ্রহনকারী সদস্যের নাম	আইডি নং	উদ্যোক্তা ঋণ বিতরণ			উদ্যোক্তা ঋণ আদায়		কিস্তি খেলাপি	মন্তব্য
			আইজিএ	পরিমাণ	তারিখ	আসল	সেবামূল্য		
০১	সুলতানা খাতুন	৪০১৪৪২-৩৫-৩৪	গাঁজী পালন	১৫০০০০/-	৩১.০১.১৮	৩১০১৮/-	২৪৮১/-	৩৭৩৭৫/-	

উপরের ছকে বর্ণিত তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, আপনার উপজেলায় বিতরণকৃত ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের একটি উল্লেখযোগ্য অংশ কিস্তি খেলাপিতে পরিনত হয়েছে। পল্লী অঞ্চলে উদ্যোক্তা সৃজনের লক্ষ্যে মাত্র ৮% সেবামূল্যে ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ করা হচ্ছে। ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণের ক্ষেত্রে অধিকতর যাচাই-বাছাই ও সাপ্তাহিক ভিত্তিতে ঋণ আদায়ের নির্দেশনা থাকা সত্ত্বেও তা যথাযথভাবে পরিপালন না করায় কিস্তি খেলাপিতে পরিনত হয়েছে এবং মেয়াদোত্তীর্ণ খেলাপিতে পরিনত হওয়ার ঝুঁকি রয়েছে; এতে প্রতিয়মান হয় যে, উদ্যোক্তা সদস্য সঠিকভাবে বাছাই করা হয়নি, যে খাতে ঋণ বিতরণ করা হয়েছে সে খাতে বিনিয়োগ না করে অন্য কোন খাতে ঋণ ব্যবহার করা হয়েছে অথবা কিস্তি আদায়ে মাঠ সংগঠকগণ সাপ্তাহিক ভিত্তিতে সমিতিতে গমন করেন না। ফলে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য ব্যাহত হচ্ছে। আপনার তদারকির অভাবে এহেন অবস্থার সৃষ্টি হয়েছে বলে প্রতীয়মান। কর্তব্যকর্মে অবহেলার জন্য কেন আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যাসহ বিতরণকৃত উদ্যোক্তা ঋণ কী কাজে ব্যবহার করা হয়েছে তার রঙিন ছবিসহ বিস্তারিত তথ্য পত্র জারির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে হার্ড কপি এবং সফট কপি সরাসরি প্রকল্পের ই-মেইল ঠিকানায় প্রেরণের জন্য বলা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
০২-৮১৮০১৪৪

জনাব মোঃ ফরিদুল হক

সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)

কোটচাঁদপুর, ঝিনাইদাহ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):ঃ

১. উপপ্রকল্প পরিচালক(ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, ঝিনাইদাহ।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. মনিটরিং কর্মকর্তা (খেলাপি ঋণ বৃদ্ধির প্রকৃত কারণ উৎঘাটন ও মনিটরিং জোরদারকরণের জন্য বলা হলো)।
৬. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোটচাঁদপুর, ঝিনাইদাহ।
৭. ব্যক্তিগত নথি / গার্ড ফাইল।